

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

অটোবর ১৭, ২০১২
তারিখ:-----
কার্তিক ০২, ১৪১৯

বিআরপিডি সার্কুলার লেটার নং- ১১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

ব্যাংকসমূহে আয়োজনের লাইসেন্স প্রদান ও নবায়ন সংক্রান্ত নীতিমালা।

শিরোনামোক্ত বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আগস্ট ২৬, ২০১২ তারিখের নথি নং- বিবিধ-১৩(৯)/২০০৮(রাজ-৮)(অংশ-১)/১০৪৫ আপনাদের
অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নিমিত্তে অপর পৃষ্ঠায় হ্রবহ পুনর্মুদ্দিত হলো।

০২) বর্ণিত নির্দেশনা অনুসরণ এবং তার প্রিপালন নিশ্চিত করার জন্য আপনাদেরকে অনুরোধ করা যাচ্ছে।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষরিত/-

(খন্দকার মোরশেদ মিল্লাত)

উপ মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৯২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়

নং-বিবিধ-১৩(৯)/২০০৮(রাজ-৪)(অংশ-১)/১০৮৫

তারিখ: ২৬/০৮/২০১২ খ্রি:

পরিপত্র

বিষয়: আর্থিক প্রতিষ্ঠান এবং ব্যাংকসমূহে আগ্রহাত্মক লাইসেন্স প্রদান ও নবায়ন সংক্রান্ত নীতিমালা।

দেশের সরকার অনুমোদিত আর্থিক প্রতিষ্ঠান এবং ব্যাংকসমূহে আগ্রহাত্মক লাইসেন্স প্রদান ও নবায়নের নিমিত্তে
বিভিন্ন সময়ে জারীকৃত সকল সার্কুলার/অফিস আদেশ/প্রজ্ঞাপন সমূহ সমন্বয়সাধান করে পূর্ণাঙ্গ নীতিমালা জারী করা হলো।

১. ব্যাংক শাখা বা আর্থিক প্রতিষ্ঠানে নগদ সংরক্ষণের সিন্দুরসীমা অনুযায়ী শাখাসমূহকে তিনভাগে ভাগ করা হলো:

ক্যাটাগরী	সিন্দুরসীমা	.১২ বোর বন্দুক/শটগানের সংখ্যা	গোলাবারুদের সংখ্যা
সি	সর্বোচ্চ ১ কোটি টাকা	০২টি	সর্বোচ্চ ২০ টি
বি	১ কোটি টাকার উর্দ্ধে কিন্তু ৫ কোটি টাকার কম	০৩টি	সর্বোচ্চ ৩০ টি
এ	৫ কোটি টাকার উর্দ্ধে	০৪টি	সর্বোচ্চ ৮০ টি

উল্লেখিত ছক অনুযায়ী অন্তর্ভুক্ত জন্য আবেদনকারী প্রতিষ্ঠানসমূহ কোন ক্যাটাগরীর হবে সে বিষয়টি সংশ্লিষ্ট
প্রতিষ্ঠানের প্রধান কার্যালয় কর্তৃক নিশ্চিতপূর্বক কতটি আগ্রহাত্মক লাইসেন্স প্রয়োজন তা উল্লেখ করতে: প্রত্যয়নপত্র প্রদান
করতে হবে।

২. যে ব্যাংক/প্রতিষ্ঠান শাখার জন্য আগ্রহাত্মক প্রয়োজন হবে ঐ ব্যাংক/প্রতিষ্ঠান শাখার নামে সংশ্লিষ্ট জেলা
ম্যাজিস্ট্রেট লাইসেন্স ইস্যু করবেন।
৩. ব্যাংক/প্রতিষ্ঠানের নিজস্ব অর্থ পরিবহনে নিয়োজিত নিজস্ব গাড়ীর প্রত্যেকটির জন্য একটি করে আগ্রহাত্মক এবং
একজন করে গানম্যানের এর ব্যবস্থা নিশ্চিত করতে হবে। এতদুদ্দেশ্যে, ক্যাশ ফিডিং এবং সাব ফিডিং
শাখাসমূহের জন্য ১ নং অনুচ্ছেদে বর্ণিত ক্যাটাগরী অনুযায়ী প্রয়োজ্য আগ্রহাত্মক সংখ্যার অতিরিক্ত আগ্রহাত্মক
প্রয়োজন হলে উল্লেখ করতঃ প্রতিষ্ঠানটির প্রধান কার্যালয় কর্তৃক প্রত্যয়ন পত্র প্রদান করতে হবে।
৪. চরাখওল, বনাখওল, দুর্গম এলাকা কিংবা বিশেষ ঝুঁকিপূর্ণ এলাকায় অবস্থিত ব্যাংক/ প্রতিষ্ঠানের শাখাসমূহ নিকটস্থ
থানা হতে ৫ কিঃমিঃ এর বেশী দুরত্বে অবস্থিত হলে অতিরিক্ত ১টি আগ্রহাত্মক সংরক্ষণ করতে পারবে। এ ক্ষেত্রে
সংশ্লিষ্ট ব্যাংকের/প্রতিষ্ঠানের প্রধান কার্যালয়ের প্রত্যয়ন পত্রের প্রয়োজন হবে।
৫. ব্যাংক/প্রতিষ্ঠানের শাখা খোলার শুরুতেই, উক্ত শাখার জন্য নির্ধারিত সংখ্যক আগ্রহাত্মক লাইসেন্সের জন্য সম্ভাব্য
দ্রুতম সময়ের মধ্যে শাখা ব্যবস্থাপক কর্তৃক প্রয়োজনীয় তথ্যাদিসহ সংশ্লিষ্ট জেলা ম্যাজিস্ট্রেটের মাধ্যমে স্বরাষ্ট্র
মন্ত্রণালয়ের অনাপত্তির জন্য প্রেরণ করবে। এ ক্ষেত্রে নতুন শাখা খোলার প্রত্যয়নপত্র, আগ্রহাত্মক ক্রয় সংক্রান্ত

প্রধান কার্যালয়ের নির্দেশনা, প্রার্থীত আগ্নেয়াস্ত্রের ধরণ, আবেদিত ব্যাংক শাখা/প্রতিষ্ঠানের অর্গানিজাম ও জনবল, আয়কর সংক্রান্ত তথ্যাদি, ব্যাংকের/প্রতিষ্ঠানের নিরাপত্তার বিবরণী, গার্ডের অনুকূলে পুলিশ প্রতিবেদন, গার্ডের জীবন বৃত্তান্ত, গার্ডের অন্ত পরিচালনা সনদপত্র, বাড়ী ভাড়া চুক্তি ইত্যাদি আবেদনপত্রের সাথে সংযোজন করতে হবে। তবে শাখার কার্যক্রম শুরু হতে আগ্নেয়াস্ত্র লাইসেন্স প্রাপ্তির মধ্যবর্তী সময়ে অভ্যন্তরীণ সমন্বয়ের মাধ্যমে শাখার নিরাপত্তা নিশ্চিত করতে হবে।

৬. আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রাপ্তির ৫(পাঁচ) বছরের মধ্যে অন্ত ত্রয় না করলে লাইসেন্সটি স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে। বাতিলকৃত লাইসেন্স পুনর্বাহল করা যাবে না।
৭. ব্যাংকের/প্রতিষ্ঠানের অনুকূলে আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রদানের ক্ষেত্রে প্রতিষ্ঠানের নাম, ঠিকানা, অস্ত্রের ধরণ, বর্তমানে মালিকানায় আগ্নেয়াস্ত্রের সংখ্যা, শাখা খোলার প্রত্যয়নপত্র, আগ্নেয়াস্ত্র ত্রয় সংক্রান্ত প্রধান কার্যালয়ের নির্দেশনা, অন্ত রিটেইনারের জীবন বৃত্তান্ত ও পুলিশ প্রতিবেদন, অন্ত প্রশিক্ষণ প্রাপ্ত কর্মচারীর সংখ্যা এবং প্রশিক্ষণ সংক্রান্ত সনদপত্রসহ আবেদনপত্র সরকারের বিবেচনার জন্য জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়ে দাখিল করতে হবে। এ সকল প্রতিষ্ঠান তার কর্মচারীদের মধ্য হতে অস্ত্রের লাইসেন্স প্রাপ্তিতে যোগ্য (আয়কর প্রদান ব্যাতীত) ব্যাক্তিদের প্রতিষ্ঠানের অনুকূলে ইস্যুকৃত লাইসেন্সের রিটেইনার নিযুক্ত করার জন্য জেলা ম্যাজিস্ট্রেটের নিকট আবেদন করবেন।
৮. প্রত্যেকটি আগ্নেয়াস্ত্রের জন্য প্রতিশাখায় অতিরিক্ত নুন্যতম ১ জন গানম্যান নিয়োগ করতে হবে।
৯. কোন কারণে গানম্যানের পদে শুন্য হলে শুন্য পদে নিয়োগের ক্ষেত্রে পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট ও সশন্ত্র গানম্যানের অন্ত পরিচালনা সনদ সংশ্লিষ্ট জেলা ম্যাজিস্ট্রেটের নিকট জমা দিতে হবে।
১০. দুই বছর পর পর কার্তুজ পরিবর্তন করতে হবে। এ ক্ষেত্রে পুরাতন কার্তুজ সংশ্লিষ্ট জেলা ম্যাজিস্ট্রেটের নিকট জমা প্রদান করতে হবে।

স্বাক্ষরিত/-

(ড. কামাল উদ্দিন আহমেদ)

যুগ্ম-সচিব(রাজনৈতিক)

স্বরাষ্ট্র মন্ত্রণালয়